

বাংলাদেশ দূতাবাস
আঙ্কারা, তুরস্ক

তুরস্কে জাতীয় সংবিধান দিবস-২০২২ উদযাপন

০৪ নভেম্বর ২০২২/আংকারা, তুরস্কঃ আজ ০৮ নভেম্বর তুরস্কের আংকারাস্থ বাংলাদেশ দূতাবাসে “জাতীয় সংবিধান দিবস” উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। দূতাবাসের ভারপ্রাপ্ত রাষ্ট্রদূত শাহ্নাজ গাজী-এর সভাপতিত্বে অত্র দূতাবাসের কর্মকর্তা/কর্মচারীগণের অংশগ্রহণে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা অনুষ্ঠানের প্রারম্ভে দূতালয়ের দ্বিতীয় সচিব ও দূতালয় প্রধান অনুষ্ঠানের সূচী ঘোষণা করেন। শুরুতেই পবিত্র কোরআন থেকে তিলওয়াত করা হয়। অতপর দিবসটি উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক প্রেরিত বাণী পাঠ করেন ভারপ্রাপ্ত রাষ্ট্রদূত শাহ্নাজ গাজী ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করেন দূতাবাসের প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল মোঃ রাশেদ ইকবাল।

আলোচনা পর্বে বাংলাদেশের সংবিধান প্রণয়নে বঙ্গবন্ধু'র ভূমিকা এবং বাঙ্গালীর জাতীয় জীবনে এর গুরুত্ব তুলে ধরে ভারপ্রাপ্ত রাষ্ট্রদূত বক্তব্য রাখেন। ভারপ্রাপ্ত রাষ্ট্রদূত, তাঁর বক্তব্যে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি জাতীয় সংবিধান দিবস-এর গুরুত্ব ও তাৎপর্যের উপর আলোকপাত এবং গণতান্ত্রিক মূল্যবোধ ও আইনের শাসন প্রতিষ্ঠায় জাতীয় সংবিধানের মর্যাদা অক্ষুন্ন রাখতে দৃঢ় সংকল্পের কথা ব্যক্ত করেন। পরিশেষে, জাতীয় সংবিধান দিবসটি “ক” শ্রেণীভুক্ত করায় সরকারের নীতি-নির্ধারকদের ধন্যবাদ জানিয়ে আলোচনার সমাপ্তি টানেন।
